গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, খুলনা
www.infokhulna.gov.bd

**স্মারক নম্বর:** ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৫২

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

বিষয়: **জুলাই-২০২৬ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।**

**বিদ্যুৎ পরিস্থিতি :** খুলনা মহানগরী ও জেলার গ্রামাঞ্চলে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

**স্থানীয় বিষয়** : বিগত ৪দিনে খুলনাতে হালকা থেকে ভারী বর্ষণ হলেও খুলনা সিটি কর্পোরেশনের পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পূর্ব থেকে চলমান থাকায় শহরে জলাবদ্ধতার সমস্যা নাই। এদিকে জেলার কিছু উপজেলা যেমন ফুলতলা, পাইকগাছা ও কয়রা উপজেলায় মাটির তৈরি ঘরের দেয়াল ভেঙে পড়ার ঘটনা ঘটেছে। তবে কোন হতাহতের খবরাখবর পাওয়া যায়নি। জনগণের সচেতনতায় খুলনা বিভাগীয় জেলা তথ্য অফিস প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে।

**পরিবেশ :** বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে বলে জানিয়েছে খুলনা সিভিল সার্জন অফিস। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা নিয়ন্ত্রণে রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে। পাশপাশি জনগণের সচেতনতায় খুলনা বিভাগীয় জেলা তথ্য অফিস ডেঙ্গু-চিকুনগুনিয়া সম্পর্কিত প্রচার-প্রচারণা চালিয়ে যাচ্ছে।

**আইন শৃঙ্খলা :** খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট ।

**দ্রব্যমুল্য : খু**লনার বাজারগুলোতে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম তুলনামূলক স্থিতিশীল অবস্থায় রয়েছে। তবে সবজি, ডাল, ডিম, মাংস ও কিছু কৃষিপণ্যের দামে ওঠানামা দেখা যাচ্ছে। স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সান্ধ্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় আলু, কাঁচাঝাল, পেঁয়াজ ও রসুনের দাম আগের মতোই স্থিতিশীল আছে। অনেকক্ষেত্রে কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বাড়ানোর অভিযোগ থাকায় জেলা প্রশাসনের, খুলনার নিয়মিত বাজার তদারকি ও মোবাইল কোর্ট কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য কমেছে।

**নৈতিক অবক্ষয় :** নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে । আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

**অপপ্রচার :** অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কাযক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষনিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।

১৫-০৭-২০২৬
গাজী জাকির হোসেন
পরিচালক
ফোন : ০২৪৭৭৭২১৮৪২
ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২
ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।